# আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাত শুরু করতেন, তখন উভয় হাত তাঁর কাঁধ বরাবর উঠাতেন।

ইবনু উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত : আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাত শুরু করতেন , তখন উভয় হাত তাঁর কাঁধ বরাবর উঠাতেন। আর যখন রুকূ ‘তে যাওয়ার জন্য তাকবীর বলতেন এবং যখন রুকূ‘ হতে মাথা উঠাতেন তখনও একইভাবে দু’হাত উঠাতেন এবং سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ(সামিয়াল্লাহু লিমান হামেদাহ ,রব্বানা ওয়ালাকাল হামদু ) বলতেন। কিন্তু সাজদার সময় তিনি এমন করতেন না।

[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম ]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে তিন স্থানে কাঁধ বরাবর দুই হাত উত্তোলন করতেন, কাঁধ হচ্ছে : গলার পাশের হাড় ও বাহুর সংযোগস্থল। প্রথম স্থান : সালাতের শুরুতে তাকবীরে তাহরীমা (আল্লাহু আকবার ) বলার সময়। দ্বিতীয় স্থান : রুকুর জন্য ”আল্লাহু আকবার ” বলার সময়। তৃতীয় স্থান : রুকু থেকে মাথা উঠানোর সাথে سمع الله لمن حمده ربنا ولك الحمد (সামিয়াল্লাহু লিমান হামেদাহ ,রব্বানা ওয়ালাকাল হামদু )বলার সময়। সিজদা শুরু করার সময় এবং সিজদা থেকে মাথা তোলার সময় তিনি তাঁর উভয় হাত উঠাতেন না।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3095